

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা


প্রজ্ঞাপন

ইলিশ সম্পদ সংরক্ষণে ইলিশের প্রধান প্রজনন মৌসুম আগামী ১ অক্টোবর থেকে ২২ অক্টোবর ২০১৭ খ্রিঃ (১৬ আশ্বিন হতে ৭ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ) পর্যন্ত মোট ২২ দিন “মা ইলিশ সংরক্ষণ অভিযান, ২০১৭” নির্ধারণ করেছে। উক্ত সময়ে সরকার প্রজ্ঞাপনমূলে সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ, ক্রয়-বিক্রয় ও বিনিময় নিষিদ্ধ করেছে।

উক্ত অভিযান সফল করার জন্য সকল প্রকার যান্ত্রিক ও অযান্ত্রিক মৎস্য নৌযানসহ সকল ধরনের বাণিজ্যিক ট্রলার কর্তৃক সমুদ্র ও উপকূলীয় এলাকাসহ নদ-নদীতে মৎস্য আহরণ নিষিদ্ধ করা হলো।

০২। জনস্বার্থে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে


(মোঃ হামিদুর রহমান)
উপসচিব

ফোন-৯৫৭৬৩৫৭

fisheries-2@mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.০১.০০৫.১৫ (অংশ-১)-

তারিখঃ ১৩ আশ্বিন ১৪২৪
২৮ সেপ্টেম্বর ২০১৭

বিতরণঃ জ্ঞাতার্থে ও কাযার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ০১। মহা-পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ফুলবাড়িয়া, ঢাকা।
- ০২। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), হেডকোয়ার্টার, পিলখানা, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে-বাংলানগর, ঢাকা।
- ০৪। মহাপরিচালক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, উত্তরা, ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম/খুলনা/বরিশাল বিভাগ, চট্টগ্রাম/খুলনা/বরিশাল।
- ০৬। মহাপরিচালক, অপারেশন্স এ্যান্ড প্লান, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধান মন্ত্রীর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ০৭। পরিচালক, নৌ অপারেশন্স, নৌ সদর দপ্তর, বনানী, ঢাকা।
- ০৮। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ০৯। উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ১০। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটের সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
- ১১। জেলা প্রশাসক.....(২৭টি জেলা)।
- ১২। পুলিশ সুপার.....(২৭টি জেলা)।
- ১৩। জেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), সমন্বয়কারী জাটকা সংরক্ষণ কর্মসূচী, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
- ১৪। জেলা মৎস্য কর্মকর্তা..... (২৭টি জেলা)।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। সভাপতির একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা (সভাপতি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(অতিরিক্ত সচিব (মৎস্য) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ হামিদুর রহমান)
উপসচিব